

যুগান্তর

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পাশের হার ও জিপিএ-৫ কমেছে

👤 চট্টগ্রাম ব্যুরো

🕒 ২৭ নভেম্বর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবারের এইচএসসিতে পাশের হার ও জিপিএ-৫ দুটোই কমেছে। এ বছর পাশের হার ৭৪ দশমিক ৪৫ শতাংশ। যা আগের বছরের চেয়ে ৬ দশমিক ০৫ শতাংশ কম। এছাড়া এবার জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ৩৩৯ শিক্ষার্থী। যা গত বছরের তুলনায় ৬ হাজার ৩৩১ জন কম। জিপিএ-৫ পাওয়ার দিক থেকে এবার শীর্ষে রয়েছে সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ। রোববার বিকাল ৩টায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এএমএম মুজিবুর রহমান এ ফলাফল ঘোষণা করেন।

ঘোষিত ফলাফলে দেখা যায়, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ২৭৯টি কলেজ থেকে ১ লাখ ১ হাজার ৯৪৯ শিক্ষার্থী অংশ নেয়। এতে পাশ করে ৭৫ হাজার ৯০৩ শিক্ষার্থী। এবার ছাত্রীদের পাশের হার ৭৭ দশমিক ২৩ শতাংশ এবং ছাত্রদের পাশের হার ৭১ দশমিক ২৪ শতাংশ। এছাড়া জিপিএ-৫ পাওয়া ছাত্রীর সংখ্যা ৩ হাজার ৪৫৪ এবং ছাত্রের সংখ্যা ২ হাজার ৮৮৫।

অপরদিকে এবার বিজ্ঞান বিভাগে পাশের হার ৮৮ দশমিক ৪৫, মানবিক বিভাগে ৬৫ দশমিক ২২ এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ৭৮ দশমিক ৫৬ শতাংশ শিক্ষার্থী পাশ করেছে। শিক্ষা বোর্ডের আওতাধীন চট্টগ্রাম মহানগর এলাকায় পাশের হার ৮৫ দশমিক ১৯, মহানগর বাদে জেলায় ৬৮ দশমিক ৫৬, কক্সবাজার জেলায় ৭০ দশমিক ৩৮, রাঙ্গামাটি জেলায় ৬৪ দশমিক ৬২, খাগড়াছড়ি জেলায় ৬২ দশমিক ২৭ ও বান্দরবান জেলায় ৬৬ দশমিক ৮১ শতাংশ। এ বছর চট্টগ্রাম বোর্ডে জিপিএ-৫ পেয়েছে মোট ৬ হাজার ৩৩৯ শিক্ষার্থী। গত বছর এ সংখ্যা ছিল ১২ হাজার ৬৭০।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পাশের হার কম হওয়ার কারণ সম্পর্কে পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এএমএম মুজিবুর রহমান যুগান্তরকে বলেন, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার্থীরা ২০২১ সালে তিন বিষয়ে পরীক্ষা দিয়ে কৃতকার্য হয়েছিল। তারা এবার ১৩টি বিষয়ে পরীক্ষা দিতে গিয়ে অনেকেই হিমশিম খেয়েছে। এতে পাশের হার যেমন কমেছে তেমনি জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীও কমেছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

